Bangladesh Madrasah Education Board, Dhaka
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
website: www.bmeb.gov.bd www.ebmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/পরী/জেডিসি-২০১৯/১৪০

তারিখঃ ০৩ আষাঢ়, ১৪২৬ / ১৭ জুন, ২০১৯

# ২০১৯ সালের জেডিসি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাভুক্ত সকল মাদ্রাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০১৯ সালে অনুষ্ঠিতব্য জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার আবেদন ফরম on line এ পূরণ ও প্রয়োজনীয় ফি- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে জমা দেওয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ১. | (ক). বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে **www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd** সম্ভাব্য তালিকা প্রদর্শনের তারিখ | ২৮.০৭.২০১৯ |
| | (খ). প্রদর্শিত সম্ভাব্য তালিকা হতে **on line** এ আবেদন ফরম পূরণ ও **website** থেকে টিটি স্লিপ বের করার তারিখ। | ৩০.০৭.২০১৯ থেকে ০৫.০৮.২০১৯ পর্যন্ত |
| | (গ). প্রয়োজনীয় ফি-সহ টিটি স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ। | ০৬.০৮-২০১৯ |
| | (ঘ). ছাত্র প্রতি ২৫/-বিলম্ব ফিসহ টিটি স্লিপ বের করার শেষ তারিখ। | ০৬.০৮.২০১৯ থেকে ০৭.০৮-২০১৯ পর্যন্ত |
| | (ঙ). বিলম্ব ফিসহ টিটি স্লিপের টাকা ব্যাংকে জমা দেয়ার শেষ তারিখ। | ০৮.০৮-২০১৯ |
| | (চ). পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা **website**-এ প্রদর্শন। | ০৯.০৮-২০১৯ |
| | (ছ). রেজিস্ট্রেশনে যে **password** ব্যবহার করা হয়েছে, সেই **password** দিয়ে on line-এ আবেদন ফরম পূরন করতে হবে। | |
| | **পরীক্ষার ফি - এর হার ঃ** | |
| ২. | পরীক্ষার ফিঃ<br>ক. পরীক্ষার ফি,পরীক্ষার্থী প্রতি ১০০.০০ টাকা।<br>খ. বিলম্ব ফি পরীক্ষার্থী প্রতি ২৫.০০ টাকা।<br>গ. কেন্দ্র ফি,পরীক্ষার্থী প্রতি ১৫০.০০টাকা (পরীক্ষা শুরুর ১ সপ্তাহ পূর্বে প্রতিটি মাদ্রাসা প্রধান তাঁর পরীক্ষার্থীদের কেন্দ্র ফি এর টাকা সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে প্রদান করবেন)। | |
| ৩. | টিটি স্লিপঃ<br>**website** থেকে প্রাপ্ত টিটি স্লিপের মাধ্যমে পরীক্ষার ফি নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা হিসাব নং ৩৩০০১০৩৫ সোনালী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা শাখায় প্রেরণ করতে হবে। কোন অবস্থাতে নগদ টাকা, ডিডি, পে-অর্ডার, মানিঅর্ডার, সিকিউরিটি ডিপোজিট রশিদ অথবা ট্রেজারি চালান গ্রহণ করা হবে না। | |
| ৪. | চূড়ান্ত তালিকা জমাঃ<br>on line-এ ফরম পূরণের পর চূড়ান্ত পরীক্ষার্থীদের তালিকা **(Final Candidate List) Down load** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় মাদ্রাসা প্রধানের স্বাক্ষর প্রদান করে এক কপি তালিকা কেন্দ্র সচিবের নিকট ১৮/০৮/২০১৯ তারিখের মধ্যে জমা দিতে হবে। কেন্দ্র সচিব/তাঁর দায়িত্বশীল প্রতিনিধিকে কেন্দ্রস্থিত সকল মাদ্রাসার পরীক্ষার্থীদের চূড়ান্ত তালিকা এক কপি মাদ্রাসা শিক্ষা বোর্ডের জেডিসি পরীক্ষা শাখায় ২৯/০৮/২০১৯ তারিখের মধ্যে হাতে হাতে জমা দিতে হবে (ডাক যোগে গ্রহণ যোগ্য নয়) এবং এক কপি মাদ্রাসায় সংরক্ষণ করতে হবে। | |

| | |
|---|---|
| ৫. | অনিয়মিত পরীক্ষার্থীঃ<br>ক. ২০১৮ সালের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীরা ২০১৯ সালে জেডিসি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।<br>খ. যে সকল পরীক্ষার্থী ২০১৮ সালে জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে ৩ (তিন) বিষয় পর্যন্ত অকৃতকার্য হয়েছে তারা ইচ্ছে করলে ইতঃপূর্বে অকৃতকার্য বিষয়গুলো অথবা সকল বিষয় ২০১৯ সালের অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |
| ৬. | রেজিঃ নবায়নঃ<br>২০১৭ সেশনের শিক্ষার্থী ২০১৮ সালের জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে অকৃতকার্য (৪র্থ বিষয় বাদে) হয়েছে তারা রেজিঃ নবায়ন সাপেক্ষে ২০১৯ সালের সিলেবাস অনুযায়ী জেডিসি পরীক্ষায় উক্ত বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। ২০১৭ সালের রেজিঃ ধারী (নবায়নকৃত) পরীক্ষার্থীদের রেজি:কার্ডে উল্লিখিত বাংলা ১ম, ২য় পত্র ও ইংরেজি ১ম, ২য় পত্রের পরিবর্তে শুধু বাংলা-১০৬, ইংরেজি-১০৭ আকারে সংশোধন করে নিতে হবে। |
| ৭. | জিপিএ উন্নয়ন ঃ<br>কেবল ২০১৮ সালের জেডিসি পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়ে জিপিএ ৫.০০ এর কম পেয়েছে এমন পরীক্ষার্থীরা ২০১৯ সালের জেডিসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং জিপিএ উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে অন্যথায় পূর্বের জিপিএ বহাল থাকবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীকে পূর্বের পরীক্ষার মূল প্রবেশপত্র ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত ফটোকপি চূড়ান্ত তালিকার সাথে জমা দিতে হবে। |
| ৮. | শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তনঃ এক মাদ্রাসায় রেজিস্ট্রেনকৃত শিক্ষার্থী অন্য মাদ্রাসার মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে মাদ্রাসা পরিবর্তনের ক্ষেত্রে বোর্ডের আদেশ (TC) থাকলে এ আদেশের সত্যায়িত ফটোকপিসহ আবেদন করতে হবে। |
| ৯. | পরীক্ষায় অংশগ্রহণের বিষয়/বিষয়সমূহঃ পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে/প্রবেশপত্রে উল্লিখিত বিষয়সমূহেই তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোর্ডের পূর্ব অনুমতি ব্যতীত বিষয় পরিবর্তন করে পরীক্ষায় অংশগ্রহণ করলে অংশগ্রহণকৃত উক্ত বিষয়/বিষয়সমূহ বাদ দিয়ে ফল প্রকাশ করা হবে। |
| ১০. | ধারাবাহিক মূল্যায়ন ঃ নিম্নলিখিত বিষয় সমূহের ধারাবাহিক মূল্যায়ন প্রতিষ্ঠান কর্তৃক করতে হবে। উক্ত বিষয়গুলির কোন পরীক্ষা হবে না। শিক্ষার্থীদের প্রবেশপত্র পাওয়ার পর প্রত্যেকের রোল নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর প্রদান করে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিতে হবে। কেন্দ্র সচিবগণ তাঁর আওতাধীন সকল মাদ্রাসা থেকে বিষয় গুলির নম্বর সংগ্রহ করে বোর্ডের ওয়েবসাইটে অন-লাইনে প্রেরণ করতে হবে। মালামাল বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে জমা দেয়ার সময় ১কপি হাতে হাতে জেডিসি পরীক্ষা শাখায় জমা দিতে হবে। |

নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী ঃ

২০১৯ সালের জেডিসি পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থীদের নিম্নলিখিত বিষয়সমূহের পরীক্ষা অনুষ্ঠিত হবে।
অনিয়মিত, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীগণ পূর্বের বিষয়সমূহে পরীক্ষায় অংশ গ্রহণ করবে।

| ক্রমিক | বিষয়ের নাম | বিষয় কোড | মোট নম্বর |
|---|---|---|---|
| 1 | কুরআন মাজিদ ও তাজভিদ | ১০১ | ১০০ |
| 2 | আকাইদ ও ফিকহ | ১৩৩ | ১০০ |
| 3 | আরবি-১মপত্র | ১০৩ | ১০০ |
| 4 | আরবি-২য় পত্র | ১০৪ | ১০০ |
| 5 | বাংলা | ১০৬ | ১০০ |
| 6 | ইংরেজি | ১০৭ | ১০০ |
| 7 | গণিত | ১০৮ | ১০০ |
| 8 | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় | ১৪৩ | ১০০ |
| 9 | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) | ১৪০ | ৫০ |
| 10 | বিজ্ঞান | ১১৭ | ১০০ |
| | মোট নম্বর = | | ৯৫০ |

**১১.** এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের বিষয়সমূহঃ

| ক্রমিক | বিষয়ের নাম | বিষয় কোড | মোট নম্বর | |
|---|---|---|---|---|
| 1 | কর্ম ও জীবনমুখী শিক্ষা | ১৪১ | ৫০ | ২টি বিষয়ের মধ্যে যে কোন একটি। |
| 2 | শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য | ১৪২ | ৫০ | |
| 1 | কৃষি শিক্ষা | ১১৩ | ১০০ | ৪ টি বিষয়ের মধ্যে যে কোন একটি। |
| 2 | গার্হস্থ্য বিজ্ঞান | ১১৮ | ১০০ | |
| 3 | উর্দু | ১১৬ | ১০০ | |
| 4 | ফার্সি | ১২৩ | ১০০ | |

ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোল নম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েব সাইটে অনলাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।

**১২.** বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০১৯ সালের জেডিসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলিটি সঠিকভাবে অনুসরণ করে যথা সময়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল মাদ্রাসা প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন : ৫৮৬১০২০২,ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮.
ই-মেইল: controller@bmeb.gov.bd


স্মারক নং-বামাশিবো/পরী/জেডিসি-২০১৯/১৪০

তারিখ: ০৩ আষাঢ়, ১৪২৬ / ১৭ জুন, ২০১৯

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ</u>

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর।
৬. বোর্ডের সকল কর্মকর্তা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশি বাজার, ঢাকা।
৭. প্রোগ্রামার,বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (তাঁকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. সহকারী পরিদর্শক, আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, উপ-পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল।
৯. বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন জেডিসি পরীক্ষায় অংশগ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. পি.এ.টু-/রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি।


মোঃ কামাল উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা।
ফোন : ৫৮৬১০২০২,ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮.
ই-মেইল: controller@bmeb.gov.bd